

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৬৬২

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أحوال القيامة وبدء الخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - আল্লাহ তাআলার দর্শনলাভ

الفصل الثالث (باب رؤية الله تعالى)

আরবী

وَعَنْ ابْنِ مَسْعُودٍ فِي قَوْلِهِ: (فَكَانَ قَابَ قَوْسَيْنِ أَوْ أَدْنَى) وَفِي قَوْلِهِ: (مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَأَى) وَفِي قَوْلِهِ: (رَأَى مِنْ آيَاتِ رَبِّهِ الْكُبْرَى) قَالَ فِيهَا كُلُّهَا: رَأَى جِبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ لَهُ سِتْمَاءٌ جَنَاحٌ. مُتَّفَقٌ عَلَيْهِ وَفِي رِوَايَةِ التِّرْمِذِيِّ قَالَ: (مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَأَى) قَالَ: رَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جِبْرِيلَ فِي حُلَّةٍ مِنْ رَفْرَفٍ قَدْ مَلَأَ مَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ وَلَهُ وَلِلْبَخَارِيِّ فِي قَوْلِهِ: (لَقَدْ رَأَى مِنْ آيَاتِ رَبِّهِ الْكُبْرَى) قَالَ: رَأَى رَفْرَفًا أَخْضَرَ سَدَّ أَفْقَ السَّمَاءِ

متفق عليه ، رواه البخارى (4856 و الرواية الاخيرة : 4858) و مسلم (282 ، 281 / 174)، (432) و الترمذى (3283 وقال : حسن صحيح) -
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৬৬২-[৮] ইবনু মাস'উদ (রাঃ) বর্ণনা করেন। আল্লাহর বাণী- (فَكَانَ قَابَ قَوْسَيْنِ أَوْ أَدْنَى) ফলে [নবী (সা.) ও জিবরীলের মাঝে] দুই ধনুকের ব্যবধান রইল অথবা আরো কম"- (সূরা আন নাজম ৫৩ : ৯) এবং (مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَأَى) (النَّبِيُّ) অন্তঃকরণ মিথ্যে মনে করেনি যা সে দেখেছিল" (সূরা আন নাজম ৫৩ : ১১) ও (لَقَدْ رَأَى مِنْ آيَاتِ رَبِّهِ الْكُبْرَى) "সে তার প্রতিপালকের বড় বড় নিদর্শন দেখেছিল"- (সূরাহ আন নাজম ৫৩ : ১৮) এ সকল আয়াতের ব্যাখ্যায় বলেছেন, রাসূলুল্লাহ (সা.) জিবরীল (আঃ)-কে দেখেছেন এবং তার ছয়শত ডানা আছে। (বুখারী ও মুসলিম)

আর তিরমিযীর বর্ণনায় আছে, ইবনু মাস'উদ (রাঃ) (مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَأَى) (সূরা আন নাজম ৫৩ : ১১)-এর

সম্পর্কে বলেছেন, রাসূলুল্লাহ (সা.) - জিবরীল (আঃ)-কে এক জোড়া সবুজ পোশাক পরিহিত অবস্থায় দেখেছেন, তিনি আকাশ ও জমিনের মধ্যবর্তী শূন্যতাকে জুড়ে রেখেছেন।
আর বুখারীর এক বর্ণনায় আছে, (لَقَدْ رَأَى مِنْ آيَاتِ رَبِّهِ الْكُبْرَى) (সূরা আন্ নাজম ৫৩ : ১৮)-এর ব্যাখ্যায় ইবনু মাসউদ (রাঃ) বলেছেন, রাসূলুল্লাহ (সা.) সবুজ রঙের রফরফ (পরিহিত জিবরীল আলায়হিস সালাম-কে) দেখেছেন, যা গোটা আকাশ জুড়ে রেখেছে।

ফুটনোট

সহীহঃ বুখারী ৪৮৫৫, মুসলিম ২৮১-(১৭৪), তিরমিযী ৩৮২২, মুসান্নাফ আবদুর রাযযাক ৮১২৫, মুসনাদে আহমাদ ৩৭৮০, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১১৫৩১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85638>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন